

স্মারক নং-৩৮.০০.০০০০.০০১.২৭.০০২.১৭- ১০২

তারিখঃ ০১ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ
১৬ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ


প্রজ্ঞাপন

জনাব মো: আনোয়ারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা-কে উক্ত উপজেলার প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ এর রোল নম্বর ১৪১৪ এর প্রতিটি বিষয়ের উত্তরপত্রে প্রাপ্ত নম্বরের চেয়ে কম এন্ট্রি করা এবং তার নিয়ন্ত্রণাধীন উপজেলা শিক্ষা অফিসে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বাংলা বিষয়ের উত্তরপত্র খুঁজে না পেয়ে অন্য পরীক্ষার্থীর উত্তরপত্রের উপর এই শিক্ষার্থীর কোড নম্বর হাতে লিখে তার উত্তরপত্র বলে চালিয়ে দিয়েছেন মর্মে অভিযোগ পাওয়া গেছে। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির পর্যায়ভুক্ত অপরাধ। উপরিউক্ত কার্যকলাপের কারণে তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ অনুযায়ী ১৬/০৮/১৭ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকি ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,




(মোহাম্মদ আসিফ-উজ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০১.২৭.০০২.১৭- ১০২

তারিখঃ ০১ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ
১৬ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি-সদয় অবগতি/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাইবান্ধা।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৮। জনাব মো: আনোয়ারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৯। অফিস কপি।



(নাসরিন জাহান)
উপ সচিব (প্রশা-১)
ফোন: ৯৫৭১৮০১